



স্যার ফজলে হাসান আবেদ

স্যার ফজলে হাসান আবেদ লাউদাতে সি' পুরস্কার পেলেন

ফ্র্যাঙ্কের প্রতিষ্ঠাতা এবং চেয়ারপারসন স্যার ফজলে হাসান আবেদ লাউদাতে সি' পুরস্কার অর্জন করেছেন। ইতালির রোমে গতকাল মঙ্গলবার মর্যাদাপূর্ণ এ পুরস্কার তাঁর পক্ষ থেকে ব্র্যাক ইউএসএর জ্যেষ্ঠ উপদেষ্টা স্কাট ম্যাকমিলান গ্রহণ করেন। বাংলাদেশসহ বিশ্বের ১১টি দেশে উদ্ভাবনীমূলক কর্মকাণ্ডের মাধ্যমে দরিদ্র মানুষের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে দারিদ্র্য বিমোচনে বিশেষ অবদানের স্বীকৃতি হিসেবে এই পুরস্কার দেওয়া হয়।

এর আগে পোপ ফ্রান্সিস এক বিবৃতিতে লাউদাতে সি'র ব্যাখ্যা দিয়ে বলেন, 'আমরা যদি নিজ নিজ কমিউনিটির ওপর যত্নবান হই, তবে আন্তর্জাতিক পর্যায়েও এর প্রভাব পড়বে।'

স্যার ফজলে হাসান আবেদ পুরস্কারদাতাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন, '৪৫ বছর

গা আগে বাংলাদেশের গারব মানুষের
 ক্ষমতায়নের মাধ্যমে স্থায়ী উন্নয়নের
 জন্য কাজ শুরু করি, যাতে তারা
 নিজেরাই নিজেদের জীবনমানের
 উন্নয়ন করতে পারে। তারা নিজেরা
 সংগঠিত হলে একদিন ইতিহাস
 বদলে দিতে পারবে, এই বিশ্বাস
 থেকেই আমি ত্র্যাক প্রতিষ্ঠা
 করেছিলাম।'

ন তিনি আরও বলেন, 'আমাদের
 অর্জন অনেক, কিন্তু আরও অনেক
 কিছু করার বাকি আছে। ইতিহাসে
 এই প্রথম দারিদ্র্য বিমোচন
 আমাদের দৃষ্টিসীমার নাগালে
 এসেছে।' বিজ্ঞপ্তি।